## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]


HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 10 AUGUST 2026 ,MONDAY|১০ আগস্ট ২০২৬ ,সোমবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-248


## পিডিএসের গম বোঝাই দুই টোটো আটক ,গ্রেফতার দুই



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ আগস্ট :** সরকারি গণবণ্টন ব্যবস্থার (PDS) খাদ্যশস্য কালোবাজারে পাচারের অভিযোগে জাতীয় সড়ক ৩১সি-তে দুটি টোটো আটক করল পুলিশ। রবিবার সন্ধ্যায় দুর্গাবাড়ি চৌপথির কাছে অভিযান চালিয়ে টোটো দু'টি আটক করা হয়। সেগুলিতে মোট ১৮ বস্তা গম উদ্ধার হয়েছে, যার আনুমানিক ওজন ১০.৫ কুইন্টাল। উদ্ধার হওয়া খাদ্যশস্যের পক্ষে কোনও বৈধ নথি দেখাতে পারেনি চালকেরা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গোপন তথ্যের ভিত্তিতে দুর্গাবাড়ি চৌপথি সংলগ্ন এলাকায় নজরদারি চালানো হচ্ছিল। সেই সময় পিডিএসের গম বোঝাই দুটি টোটো আটক করা হয়। তল্লাশির পর ১৮ বস্তা গম বাজেয়াপ্ত করার পাশাপাশি টোটো দু'টিকেও পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। ঘটনায় দুই টোটো চালককে গ্রেফতার করা হয়েছে।তদন্তে উঠে এসেছে, শালশালাবাড়ির অনুমোদিত রেশন ডিলার তাপস চন্দের কাছ থেকে সরকারি সরবরাহের এই খাদ্যশস্য কালোবাজারে বিক্রির উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল বলে অভিযোগ।ঘটনায় অভিযুক্ত রেশন ডিলার তাপস চন্দ এবং দুই চালকের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু হয়েছে।

## কাজের প্রলোভন দেখিয়ে নাবালিকাকে পাচার করা হচ্ছিলো নেপালে ,উদ্ধার করলো এসএসবি ,গ্রেপ্তার এক




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৯ আগস্ট :** এক নাবালিকাকে কাজের প্রলোভন দেখিয়ে নেপালে পাচারের পথে উদ্ধার করলো সশস্ত্র সীমা বলের জওয়ানরা। পাচারের অভিযোগে গ্রেপ্তার এক। ধৃতের নাম রফিউল ইসলাম। জানা গেছে ইন্দো নেপাল সীমান্তের খড়িবাড়িতে প্রতিদিনের মতো রবিবার ও গাড়ি চেক করছিলেন সীমান্তে কর্তব্যরত এস এস বি জওয়ানরা। সেই সময় একটি গাড়িতে এক নাবালিকাকে দেখে তাদের সন্দেহ হওয়ায় তারা নাবালিকাকে জিজ্ঞাসাবাদ শুরু করেন। নাবালিকার কথায় অসংগতি লক্ষ্য করে জওয়ানরা গাড়ির চালককে জিজ্ঞাসাবাদ শুরু করেন। চালক এর থেকে সদুত্তর না পেয়ে চালককে গ্রেপ্তার করে গাড়িটি বাজেয়াপ্ত করা হয়। ধৃত চালক ও নাবালিকাকে খড়িবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ চালককে জিজ্ঞাদাবাদ করে জানতে পারে নাবালিকাকে কাজের প্রলোভন দেখিয়ে নেপালে পাচারের ছক কষেছিলো চালক, তার সাথে আরেক মহিলাও জড়িত আছে বলে জানতে পারে পুলিশ। ধৃতকে রবিবার আদালতে পেশ করা হয়েছে। নাবালিকাকে পাঠানো হয়েছে একটি হোমে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## মমতা ব্যানার্জীর নিরাপত্তা নিয়ে বার্তা মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,উত্তর ২৪ পরগনা ,৯ আগস্ট :** আজ পানিহাটি তে সাংবাদিক বন্ধুদের মুখোমুখি হয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর উদ্দেশ্যে বার্তা দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী । মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন , "অভয়া মামলায় তদন্তের কাজ পুলিশ পুলিশের মতো করছে। অপরদিকে সিবিআই তাদের মত এগোচ্ছে। যদিও সিবিআই টিম চেঞ্জ হয়েছে। যে হার না মানা লড়াই রত্নাদেবী এবং শেখর বাবু করে করে চলেছেন ,আমাদের সরকার তাদের সাথে আছে এবং থাকবে"। আজ মমতা ব্যানার্জীর গাড়িতে কাদা ছোড়া বিষয়ে তিনি উল্লেখ করেন , "আমাদের নির্দেশ আছে যাতে উনি জেড প্লাস ক্যাটাগরির নিরাপত্তা পান, যেটা আমরা তুলে নিই নি। ওনার সম্পূর্ণ নিরাপত্তা এবং ওনার পূর্ণ সম্মান দেওয়া আমাদের সরকারের কর্তব্য। যদি কেউ আপনার সাহায্য চায় বা যদি কেউ আপনার হস্তক্ষেপ দাবি করেন তবেই আপনি তাদের সাহায্যে এগিয়ে যাবেন । আপনারা এত চুরি করেছেন , 'চোর' অপবাদ তো শুনতেই হবে। আপনি তো আরজিকর হসপিটালে অভয়ার মৃত্যুর প্রমাণ লোপাট করতে গিয়েছিলেন। আপনি তো অভয়ার বাড়িতে গিয়ে রত্নাদেবীর কাছে ক্ষমা চাইতে পারতেন। উনি হয়তো বা আপনাকে ক্ষমা করে দিতেন। এখন পশ্চিমবঙ্গে উন্নয়নের সময় আপনার কাছে অনুরোধ আপনি দয়া করে কোনও জায়গায় গিয়ে এমন কিছু করবেন না যাতে স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত হয়"।

## শামুকতলায় আয়ুষ্মান আরোগ্য শিবিরের উদ্বোধন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ আগস্ট :** আয়ুষ্মান আরোগ্য শিবিরের উদ্বোধন করলেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক। তার সঙ্গে ছিলেন সমষ্টি স্বাস্থ্য আধিকারিক এবং শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক কানাইলাল ঘোষ। ৮ ই আগস্ট থেকে ১৪ ই আগস্ট পর্যন্ত আয়ুষ্মান সপ্তাহ উপলক্ষে আজ ৯ই আগস্ট এবং ১১ই আগস্ট শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নতুন ভবনে এই আয়ুষ্মান আরোগ্য শিবির চলবে। এই শিবিরের স্বাস্থ্য পরীক্ষা থেকে শুরু করে নানারকম চিকিৎসার সুযোগ পাবেন শামুকতলা থানা এলাকার বন বস্তি এবং চা বাগান এলাকার বাসিন্দারা।

# উদ্ধার ব্রাউন সুগার ,গ্রেপ্তার এক




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ আগস্ট :** আলিপুরদুয়ার জেলা পুলিশের ফালাকাটা থানার পুলিশ বিশ্বস্ত সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার থানা এলাকার অন্তর্গত ভৈরভাট বাজার লাগোয়া শিবনাথ পুরে একটি বাড়িতে অভিযান চালায়। অভিযানে বাড়ি থেকে উদ্ধার হয়২৮৩.১৮ গ্রাম ব্রাউন সুগার। পুলিশ বাড়ি থেকে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে উদ্ধার অভিযান,উদ্ধারকৃত সামগ্রী বাজেয়াপ্ত করা ও গ্রেপ্তারি পর্ব সম্পন্ন করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে ধৃতকে আদালতে পেশ করে পুলিশ রিমান্ডের আবেদন জানানো হয়েছে। পুলিশের অনুমান এলাকায় বিক্রি অথবা অন্যত্র পাচারের উদ্দ্যেশ্যে এই মাদক বাড়িতে মজুত করা হয়েছে ও একটি চক্র এই কাজে জড়িত। ধৃত ব্যক্তি ঐ চক্রের একজন বলেই অনুমান করছে পুলিশ।চক্রের অন্যান্যদের ধরতে অভিযান জারী রেখেছে পুলিশ।

# ভারত বাংলাদেশ সীমান্তে নিজের জমিতে কাজ করতে গিয়ে বাংলাদেশীদের দ্বারা অপহৃত ভারতীয় যুবক



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৯ আগস্ট :** জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের কুকুরজান অঞ্চলের ভারত বাংলাদেশ সীমান্তের চাউলহাটি তসর মোহাম্মদ পাড়ার যুবক দীপঙ্কর গোপ কে তার নিজের জমি থেকে তুলে নিয়ে যায় বাংলাদেশী কয়েকজন ব্যক্তি। ঘটনায় ব্যপক আতঙ্ক ছড়িয়েছে এলাকায়। জানা গেছে শনিবার সমাল দশটা নাগাদ দীপঙ্কর গোপ সীমান্ত পেরিয়ে জিরো ল্যান্ডে তার নিজের জমিতে কাজ করতে যায়। জমিতে কাজ করার সময় কয়েকজন বাংলাদেশী তাকে জোর করে বাংলাদেশের ভেতরে নিয়ে যায়। এখবর ছড়িয়ে পড়তেই এলাকায় আতঙ্ক ছড়ায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় রাজগঞ্জ থানার পুলিশ চাউলহাটি সীমান্তে কর্তব্যরত বি এস এফ ক্যাম্পের আধিকারিকগন।জানা গেছে দীপঙ্কর কে ফেরত আনার ব্যাপারে প্রশাসন ও বি এস এফ তৎপরতা শুরু করেছে।

# অভয়া স্মরণে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে শ্রদ্ধা ও নীরবতা পালন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ আগস্ট :** আরজি কর কাণ্ডের নিহত তরুণী চিকিৎসক 'অভয়া'-র স্মরণে রবিবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পালন করা হল বিশেষ স্মরণ কর্মসূচি। হাসপাতালের চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী এবং অন্যান্য কর্মীরা একত্রিত হয়ে অভয়ার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং তাঁর আত্মার শান্তি কামনায় নীরবতা পালন করেন।হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, রাজ্যজুড়ে সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে অভয়ার স্মরণে নির্দিষ্ট সময়ে দুই মিনিট নীরবতা পালনের নির্দেশ দেওয়া হয়েছিল। সেই নির্দেশ মেনেই আলিপুরদুয়ার জেলা হাসপাতালেও এই কর্মসূচির আয়োজন করা হয়।অনুষ্ঠানে উপস্থিত স্বাস্থ্যকর্মীরা জানান, কর্মক্ষেত্রে নিরাপত্তা, বিশেষ করে মহিলা চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষা নিশ্চিত করার দাবি আজও সমানভাবে প্রাসঙ্গিক। অভয়ার মর্মান্তিক মৃত্যুর ঘটনা যেন আর কখনও না ঘটে, সেই বার্তাই তুলে ধরা হয় এই স্মরণ অনুষ্ঠানের মাধ্যমে।নীরবতা পালনের পাশাপাশি হাসপাতাল চত্বরে অভয়ার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে সকলকে মানবিকতা, নিরাপত্তা এবং ন্যায়বিচারের পক্ষে একযোগে কাজ করার আহ্বান জানানো হয়।

# ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েত দফতরে কার্বলিক অ্যাসিডে জখম শিশু



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ আগস্ট :** গ্রাম পঞ্চায়েত কর্মীদের উদাসীনতার জেরে এক বছর দুই মাসের একটি শিশু কার্বলিক অ্যাসিড দিয়ে আহত হয়ে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন । ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের টটপাড়া দুই গ্রাম পঞ্চায়েতের বিন্দি পাড়া এলাকায়। মায়ের সঙ্গে ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েত দফতরে গিয়েছিলেন এক বছর দু মাসের শিশু পুষ্পিতা রায়। মায়ের কোল থেকে নেমে পুষ্পিতা গ্রাম পঞ্চায়েত দপ্তরেই হাটাহাটি করার সময় হঠাৎই কার্বলিক অ্যাসিডের বোতলে ধরে ফেলে। এরপরেই ছোট্ট শিশুর হাত পা পেটে কার্বলিক অ্যাসিড লেগে পুড়ে যায়। এরপরই তাকে ভাটিবাড়ী গ্রামীণ হাসপাতালে নিয়ে যায় তার মা। প্রাথমিক চিকিৎসার পর তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। রবিবার বিকেল পর্যন্ত ছোট্ট শিশুর চিকিৎসা চলছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে। এদিকে ছোট্ট শিশু কারবলিক অ্যাসিড দ্বারা জখম হওয়ার পরেই ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের কর্মকর্তাদের দায়িত্ব হীনতা নিয়ে প্রশ্ন উঠেছে। তবে বিষয়টি জানানো হয়েছে আলিপুরদুয়ার দু নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক কে। যদিও সমষ্টি উন্নয়ন আধিকারিক জানিয়েছেন এ বিষয়ে তাকে গ্রাম পঞ্চায়েত দপ্তর থেকে কিছু জানানো হয়নি। আলিপুরদুয়ার দুই ব্লকের স্বাস্থ্য আধিকারিক অর্পণ কুমার বিষয়ী বিষয়টি নিয়ে কিছুই জানেন না এমনটাই জানিয়েছেন।

# লক্ষাধিক টাকার সোনার গহনা ফিরিয়ে দিল সিভিক ভলেন্টিয়ার




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ আগস্ট :** সোনা রুপার গহনা সহ ব্যাগ কুড়িয়ে পেয়ে স্কুলের শিক্ষিকার হাতে তুলে দিল সিভিক ভলেন্টিয়ার ঘটনাটি ঘটেছে মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের ধারসী সংলগ্ন এলাকায়। মজিদখানা হাই স্কুলের শিক্ষিকা উর্মি বর্মা তার আত্মীয় বাড়িতে যাওয়ার পথে টোটো থেকে ব্যাগটি পড়ে যায়। শনিবার রাতে ব্যাগটি কুড়িয়ে পায় সিভিক ভলেন্টিয়ার দোলন দাস। রবিবার শিক্ষিকা উর্মি বর্মার হাতে সোনা রুপার গহনা সহ মোবাইল এবং নগর টাকা তুলে দেওয়া হল । হারানো জিনিস ফিরে পেয়ে খুশি শিক্ষিকা।

# জুয়ার বোর্ডে হানা পুলিশের, গ্রেপ্তার পাঁচ ,উদ্ধার নগদ টাকা



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ আগস্ট :** শনিবার গভীর রাতে আলিপুরদুয়ার জেলা পুলিশের শামুকতলা থানার পুলিশ গোপন সুত্রে খবর পায় যে থানা এলাকার উত্তর পারোকাটার একটি ক্লাব ঘরে জুয়ার আসর বসেছে। খবর পেয়ে পুলিশ ক্লাব ঘরে অভিযান চালিয়ে জুয়ার বোর্ড থেকে নগদ একান্ন হাজার আটশ কুড়ি টাকা বাজেয়াপ্ত করার পাশাপাশি পাঁচ জনকে গ্রেপ্তার করে। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা দায়ের করে আদালতে পেশ করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে অভিযান চালানোর সময় সুযোগ বুঝে আরও কয়েকজন পালিয়ে যায়। পলাতকদের ধরতে সন্ধান চালাচ্ছে পুলিশ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |